ভোরের কাগজ

DEC. 29 2001

তারিখ ...........
পৃষ্ঠা ........ কলাম ........

# সরকারি কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান

সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর বেসামরিক খাতের বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তানদের জন্য নির্ধারিত ফরমে ২০০১-২০০২ সালের শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান করা হয়েছে। কন্টিজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যারা একনাগাড়ে ৫ বছর বা তদূর্ধ্বকাল চাকরিতে নিয়োজিত আছেন তারাও তাদের সন্তানদের শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। কিন্তু ডাক, তার, টেলিযোগাযোগ, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেল, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারীগণ আবেদন করতে পারবেন না।

উপরোক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোনো শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০ নম্বর থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০০২/০২ ফাল্গুন ১৪০৮ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হলে তা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

কর্মচারীগণ যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সে জন্য অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেওয়া হয়েছে। কর্মচারীগণ স্ব-স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করে অধিদপ্তরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস থেকে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে ৪ টাকার ডাকটিকিটযুক্ত ঠিকানা সংবলিত ১০″ X ৫″ সাইজের খাম প্রেরণপূর্বক এই ফরম সংগ্রহ করে নিম্নবর্ণিত অফিসে জমা দিতে পারবেন।

ঢাকা মহানগরীতে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য মহাপরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, সংস্থাপন মন্ত্রণালয় ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, (১১ তলা) সেগুন বাগিচা ঢাকা; ঢাকা মহানগরী ব্যতীত ঢাকা বিভাগে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য উপ-পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় অফিস, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা; চট্টগ্রাম বিভাগে কর্মরত সরকারি কর্মচারীগণের জন্য উপ-পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম; খুলনা বিভাগে কর্মরত সরকারি কর্মচারীগণের জন্য উপ-পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় অফিস, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বায়রা, খুলনা; বরিশাল বিভাগে কর্মরত সরকারি কর্মচারীগণের জন্য উপ-পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় অফিস, বরিশাল; সিলেট বিভাগে কর্মরত সরকারি কর্মচারীগণের জন্য উপ-পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় অফিস, সিলেট। তথ্য বিবরণী।